# TDP (Honours) 6th Semester Exam., 2018

## BENGALI

( Honours )

SEVENTH PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি **একক** থেকে **দুটি** করে নিয়ে মোট **আটটি** প্রশ্নের উত্তর দাও

### প্রথম একক

১। "সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র।" 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের আলোকে উদ্ধৃতিটির তাৎপর্য আলোচনা করো। ১০

২। "প্রকাশই কবিত্ব।" 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধের অনুসরণে রবীন্দ্রনাথের মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ১০

৩। ''সাহিত্য যাহা গড়িয়া তোলে তাহা সকলের আনন্দের জন্য।'' 'গড়ে তোলা' এবং 'সকলের আনন্দ' বলতে রবীন্দ্রনাথ যা বুঝিয়েছেন সেটি 'সাহিত্যের বিচারক' প্রবন্ধের অনুসরণে ব্যাখ্যা করো। ৫+৫=১০

## দ্বিতীয় একক

৪। 'রামায়ণ' প্রবন্ধে 'রামায়ণ' ও 'মহাভারত'-এর পরিচয় দিতে গিয়ে রবীন্দ্রনাথ মহাকাব্যের স্বরূপ সম্বন্ধে যা বলেছেন তা আলোচনা করো। ১০

৫। ''শেক্‌সপীয়রের 'টেম্পেস্ট' নাটকের সহিত কালিদাসের 'শকুন্তলা'র তুলনা মনে সহজেই উদয় হইতে পারে।'' রবীন্দ্রনাথের 'শকুন্তলা' প্রবন্ধ অনুসরণে সংক্ষেপে উভয় নাটকের তুলনামূলক আলোচনা করো। ১০

৬। 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধ অবলম্বনে অনসূয়া ও প্রিয়ম্বদা চরিত্র দুটির বিস্তারিত পরিচয় দাও। ৫+৫=১০

## তৃতীয় একক

৭। ''রীতিরাত্মা কাব্যস্য।'' উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। ''রসের ব্যঞ্জনাই বাক্যকে কাব্য করে। কাব্যের 'ধ্বনি' হচ্ছে রসের ধ্বনি।'' উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ১০

৯। ''কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।'' আলোচনা করো। ১০





## চতুর্থ একক

১০। ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের 'বর্তমান সাহিত্যের মূলকথা' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্র-সাহিত্য ও রবীন্দ্রোত্তর সাহিত্যের পার্থক্য নির্ণয় করো। ১০

১১। 'আধুনিক সাহিত্য' প্রবন্ধে গোপাল হালদার আধুনিক সাহিত্যের যে লক্ষণগুলি নির্ধারণ করেছেন, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

১২। ''সাহিত্যের এই রস আমাদের চিত্তের বন্ধন মোচন করে।'' এই মন্তব্যের আলোকে 'সাহিত্যের স্বরূপ' বিষয়ে প্রাবন্ধিকের মতামত বিশ্লেষণ করো। ১০

★★★